

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ  
অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ৪, ২০২০

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  
৩৭/এ দিলকুশা বা/এ  
ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ/০৯ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৭২-আইন/২০২০।—বীমা আইন ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ১৫৬ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, লাইফ ইন্স্যুরেন্স গ্রাহক নিরাপত্তা তহবিল প্রবিধানমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(ক) প্রবিধান ৩ এর উপ-প্রবিধান (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) তহবিলের অর্থ কোনো তফসিলি ব্যাংকে কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত “লাইফ ইন্স্যুরেন্স গ্রাহক নিরাপত্তা তহবিল” নামে ব্যাংক হিসাবের মাধ্যমে আহরিত ও ব্যয়িত হইবে।”;

(খ) প্রবিধান ৬ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৬ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৬। তহবিল ব্যবহার।—কর্তৃপক্ষ, প্রবিধান ৮ এর বিধান সাপেক্ষে, নিম্নবর্ণিত উদ্দেশ্যে তহবিলের অর্থ ব্যবহার করিতে পারিবে, যথা :—

(ক) দেউলিয়া বীমাকারীর অবসায়নের তারিখে পলিসি গ্রাহকের পলিসি চুক্তি অনুযায়ী অবসায়ক কর্তৃক স্থিরীকৃত দাবি পরিশোধ;

(৭৮০৫)  
মূল্য : টাকা ৪০০০

- (খ) অবসায়ক কর্তৃক অবসায়িত কোনো লাইফ বীমাকারীর তহবিল হইতে সকল পলিসি গ্রাহক বা অধিকারভোগীর নির্ধারিত দাবির অংশ বিশেষ আনুপাতিক হারে পরিশোধের পর অবশিষ্ট অংশ বা উহার অংশ পরিশোধ;
- (গ) তহবিল পরিচালনা সম্পর্কিত প্রশাসনিক, আইনি এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ব্যয়।”; এবং

(গ) প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর দফা (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (গগ) সন্নিবেশিত হইবে, যথা :—

“(গগ) কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের লাইফ ইন্স্যুরেন্স বিষয়ে অভিজ্ঞ ১ (এক) জন সদস্য;”।

কর্তৃপক্ষের আদেশক্রমে

মোঃ শফিকুর রহমান পাটোয়ারী  
চেয়ারম্যান  
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ